প্রতিদিন অন্তত একবার বোর্ডের ওয়েব সাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, (সার্টিফিকেট কোর্স শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
Web site : www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩৩.০০১.১৯.৪৩৭

তারিখ ঃ ০৮-০৭-২০১৯ খ্রিঃ

## কেন্দ্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রমের সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং ও সার্টিফিকেট ইন এনিমেল হেলথ এন্ড প্রডাকশন ( জুলাই-জুন২০১৮-২০১৯) ২য় পর্ব বোর্ড সমাপনী (ফাইনাল) পরীক্ষা **আগামী ২৩ জুলাই ২০১৯ খ্রিঃ মঙ্গলবার** হতে বোর্ড কর্তৃক নির্ধারিত ০৭টি পরীক্ষা কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে।

| ক্রমিক নং | কেন্দ্র কোড | কেন্দ্রের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠান কোড | কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|
| ১ | ১২০২৪ | টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ, ঠাকুরগাঁও। | ১২১২৮ | পীরগঞ্জ এনিমেল হেলথটেকনোলজি ইন্সটিটিউট পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |
| ২ | ১৭০২৭ | টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ সদর, কুড়িগ্রাম। | ১৭১৬৬ | মেডিকেয়ার ভেটেনারি টেকনোলজী ইনস্টিটিউট ত্রিমোহনী, সদর,কুড়িগ্রাম। |
| ৩ | ২৫০৩৯ | সিরাজগঞ্জ টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ সিরাজগঞ্জ। | ২৫১৯৯ | ভেটেরিনারি মেডিকেল সায়েন্স এন্ড টেকনোলজি ইন্সটিটিউট সিরাজগঞ্জ রোড গোলচত্বরের দক্ষিণ পাশে, হাটিকুমরুল, উল্লাপাড়া, সিরাজগঞ্জ। |
| ৪ | ৫০৬০২ | মডেল লাইভস্টক ইন্সটিটিউট ঢাকা আমুলিয়া মডেল টাউন, ডেমরা, ঢাকা। (ভেন্যু ঃ গ্রিনল্যান্ড পলিটেকনিক ইন্সটিটিউট, আমুলিয়া মডেল টাউন, ডেমরা, ঢাকা। | ৫০৬০২ | মডেল লাইভস্টক ইন্সটিটিউট ঢাকা আমুলিয়া মডেল টাউন, ডেমরা, ঢাকা-১৩৬০ |
| ৫ | ৫৪০২৯ | টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ টাংগাইল। | ৫৪২৫০ | মধুপুর ভেটেরিনারী ইন্সটিটিউট মধুপুর টাংঙ্গাইল। |
| ৬ | ৫৭০৩৭ | টেকনিক্যাল ট্রেনিং সেন্টার মাসকান্দা, ময়মনসিংহ। | ৫৭২৪৪ | আল-ইহসান ভেটেরিনারী ইন্সটিটিউট শম্ভুগঞ্জ (গোলচত্তর), সদর, ময়মনসিংহ। |
| ৭ | ৬৫০৩৪ | টেকনিক্যাল ট্রেনিং সেন্টার কোটবাড়ি, কুমিল্লা। | ৬৫১২৬ | পোল্ট্রি এন্ড লাইভস্টক ট্রেনিং ইন্সটিটিউট, গ্রাম: আশকামতা,পোস্টঃ বাগমারা, সদর (দক্ষিণ)কুমিল্লা। |

- প্রতি দিনের পরীক্ষা শেষ হওয়ার পর কেন্দ্র সচিব (পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা) নিজ দায়িত্বে উত্তরপত্রের টপ শীট এবং উত্তরপত্রগুলো হলুদ কাপড়ের প্যাকেট করে নিম্নের ঠিকানায় পাঠাতে হবে।
- উক্ত পরীক্ষায় **Litho Coded OMR Form** সম্বলিত উত্তরপত্র ব্যবহার করতে হবে।
- কেন্দ্র সচিব, পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় মালামাল বোর্ড হতে ১৫-০৭-২০১৯খ্রিঃ হতে ১৬-০৭-২০১৯ খ্রিঃ তারিখে মধ্যে গ্রহণ করবেন।

(অবশ্যই হলুদ কাপড়ের প্যাকেটে সীলগালা করে)

পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
দৃষ্টি আকর্ষণ ঃ মোঃ সুলতান হোসেন, উপ পরীক্ষা নিয়ন্ত্রক
বোর্ড ভবনের পিছনে ৫ম তলা বিল্ডিং এর ৪র্থ তলা শর্ট কোর্স শাখা
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
মোবাইল ঃ ০১৭১৫-১০৮৫৪৯

**বিশেষ দ্রষ্টব্য** ঃ ব্যবহারিক পরীক্ষা স্বঃ স্বঃ শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে। অধ্যক্ষ/পরিচালক ,ব্যবহারিক পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পরীক্ষার্থীর সংখ্যা অনুযায়ী প্রতি গ্রুপে ২৫-৩৫ জন হিসাবে ভাগ করে ব্যবহারিক পরীক্ষার প্রয়োজনীয় সংখ্যক অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক (অন্য প্রতিষ্ঠান হতে) এবং অভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক স্বঃ স্বঃ শিক্ষা প্রতিষ্ঠান হতে সকল টেকনোলজির অভ্যন্তরীণ ও অনাভ্যন্তরীণ পরীক্ষকের নাম, ঠিকানা, টেলিফোন নম্বরসহ বোর্ডের অনুমোদনের জন্য আগামী ২৩-০৭-২০১৮ খ্রিঃ হতে ২৫-০৭-২০১৮ খ্রিঃ তারিখে মধ্যে (প্রবেশ পত্র গ্রহনের সময়) হাতে হাতে বোর্ডের সংশ্লিষ্ট ডেস্কে জমা দিতে হবে । উক্ত সময়ের মধ্যে অভ্যন্তরীণ ও অনাভ্যন্তরীণ পরীক্ষকের নাম, ঠিকানা, প্রেরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে দায়দায়িত্ব বহন করতে হবে।

২। পরীক্ষা সংক্রান্ত বিষয়ে কোন প্রকারে জটিলতা তৈরি হলে কেন্দ্র কর্তৃপক্ষকে দায়দায়িত্ব বহন করতে হবে।

৩। কেন্দ্র কর্তৃপক্ষ অবশ্যই ছাত্র-ছাত্রীদের হাজিরা শীটের এক কপি কেন্দ্রে সংগ্রহ করতে হবে।

৪। উপস্থিত-অনুপস্থিত পরীক্ষার্থীর শিরোনাম পত্র বোর্ডে প্রেরণ করতে হবে।
(কোন ছাত্র-ছাত্রী অনুপস্থিত থাকলে তার রোল নম্বর ও নাম হাজিরা শীটে ও শিরোনাম পত্রে উলেস্নখ করতে হবে।)
**সংশ্লিষ্ট** প্রতিষ্ঠানকে TC/ PC এবং PF এর নম্বর **আগামী ০১ আগষ্ট,২০১৯ হতে ০৬ আগষ্ট,২০১৯ খ্রিঃ** তারিখের মধ্যে **Online-এ** প্রেরণ করতে হবে (TC/ PC এবং TF/PF এর উত্তীর্ণমান ৪০%)।

৫। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান TC/ PC এবং PF এর নম্বর প্রেরণের **হার্ড কপি** আগামী **২৫ আগষ্ট, ২০১৯ খ্রিঃ তারিখের** মধ্যে বোর্ডে ডেস্ক অফিসাররে নিকট প্রেরণ করতে হবে।

৬। উল্লেখ্য যে কোন পরীক্ষার্থী অনুপস্থিত থাকলে Online এ ঐ পরীক্ষার্থীর রোল নম্বরের বিপরীতে A লিখতে হবে।

৭। উল্লেখ্য পরীক্ষার প্রশ্নপত্র জেলা প্রশাসকের বরাবরে প্রেরণ করা হবে। সংশ্লিষ্ট কেন্দ্র সচিবদেরকে (পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা) সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের নিকট হতে পরীক্ষার পূর্বে প্রশ্নপত্র গ্রহণের ব্যবস্থা নিতে হবে।

**ফিল্ড ট্রেনিং (ইন্টার্নিশীপ) ঃ**

৮। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ফিল্ড ট্রেনিং (**ইন্টার্নিশীপ**) PF এর নম্বর **আগামী ১০ অক্টোবর ২০১৯ খ্রিঃ হতে ১৫ অক্টোবর ২০১৯ খ্রিঃ** তারিখের মধ্যে অত্র বোর্ডের **Online-এ** প্রেরণ করতে হবে।

৯। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ফিল্ড ট্রেনিং (**ইন্টার্নিশীপ**) PF এর নম্বর প্রেরণের **হার্ড কপি** আগামী **১৭ অক্টোবর ২০১৯ খ্রিঃ তারিখের** মধ্যে বোর্ডে সংশ্লিষ্ট ডেস্ক অফিসারের নিকট প্রেরণ করতে হবে।

১০। উল্লেখ্য যে, কোন পরীক্ষার্থী অনুপস্থিত থাকলে Online-এ ঐ পরীক্ষার্থীর রোল নম্বরের বিপরীতে A লিখতে হবে।

৫। পরীক্ষা বিষয়ে করণীয় ঃ

৫.১ পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থী কেন্দ্রের পরীক্ষাকক্ষে উপস্থিত থাকতে হবে।

৫.২ পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে কোনক্রমে প্রশ্নপত্রের প্যাকেট/খাম খোলা যাবেনা এবং তিন জনের উপস্থিতিতে প্রশ্ন প্যাকেটটি সীল গাল অবস্থা সঠিক ভাবে আছে কিনা এবং বিষয় কোড তারিখ যাচাই করে সময় ও তারিখ উল্লেখসহ স্বাক্ষর করে প্রশ্ন প্যাকেটটি খুলতে হবে।

**৬। উত্তর পত্রের লিথু (Litho) পরীক্ষার্থীর অংশের (Top part) তথ্যাবলীঃ**

৬.১ পরীক্ষার পর্ব/বর্ষ ২য় লিখতে হবে।

৬.২ কারিকুলাম কোডঃ **৭৯ (ঊনআশি)** সকল স্বাস্থ্য প্রযুক্তি সেবা শিক্ষাক্রমের জন্য দিতে হবে।

৬.৩ ট্রেড/স্পেশালাইজেশন/টেকনোলজি ঃ **পরীক্ষার্থীর ভর্তির স্ব স্ব ট্রেড কোড বসবে (১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮)।**

৬.৪ পরীক্ষার্থীর রোল ডান দিক থেকে লিখতে হবে।

**৬.৫ রেজিস্ট্রেশন নম্বর** ঃ ১০ ঘর (অংক) বিশিষ্ট **রেজিস্ট্রেশন নম্বর** থাকবে। যদি **রেজিস্ট্রেশন নম্বর** ০৬ ঘর (অংক) বিশিষ্ট **হয়ে থাকলে বৃত্ত ভরাট ৬.৬ অনুযায়ী করণীয়।**

৬.৬ রেজিস্ট্রেশন নম্বর ডান হতে (একক স্থানীয় অংক) পুরণ শুরু করতে হবে। বাকী বাম দিকের ঘরগুলো (যদি থাকে) ০(শূন্য) দিয়ে বৃত্ত বরাট করতে হবে।

৬.৭ অনুরূপভাবে বিষয় কোড ডান হতে (একক স্থানীয় অংক) পুরণ শুরু করতে হবে।
বাকী বাম দিকের ঘরগুলো (যদি থাকে) ০ (শূন্য) দিয়ে বৃত্ত বরাট করতে হবে।

৬.৮ এ বিষয়ে প্রতিষ্ঠানের প্রধানগণ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের মাধ্যমে পরীক্ষা শুরুর পূর্বেই শ্রেণী শিক্ষক দ্বারা প্রশিক্ষণের ব্যবস্থা
নিবেন (লিথু কোড পৃষ্ঠাটি ফটোকপি করে)।

৬.৯ পুরাতন লিথোযুক্ত উত্তরপত্র ব্যবহার করা যাবে না উহা বোর্ডে ফেরৎ দিতে হবে।

৬.১০ একটি নমুনা কপি সংযুক্ত করা হলো।

স্বা:

**(ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭।

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩৩.০০১.১৯.৪৩৭(২০) তারিখ ঃ ০৮-০৭-২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২। মহাপরিচালক, স্বাস্থ্য ও সেবা অধিদপ্তর, ঢাকা।

৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৪। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৫। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৬। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান অনুযায়ী উক্ত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, প্রেরণ এবং এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের আগামী ১৫ জুলাই '২০১৯ খ্রিঃ তারিখের পূর্বে অ্যাডমিড কার্ড প্রিন্টপূর্বক পরীক্ষা শাখায় প্রেরণ করাসহ বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

৮। উপ-পরিচালক (প্রকাশনা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৯। প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১০। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১১। প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।(পরীক্ষা কেন্দ্রকে পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় মালামাল ১৫-০৭-২০১৯ খ্রিঃ হতে ১৬-০৭-২০১৯ খ্রিঃ তারিখে বিতরনের অনুরোধসহ)।


১২-১৮। অধ্যক্ষ/পরিচালক, স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান।

১৯। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

২০। নথি।

(মোঃ সুলতান হোসেন)
কারিকুলাম বিশেষজ্ঞ
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
মোবাইল ঃ ০১৭১৫-১০৮৫৪৯

শুদ্ধ ভাবে বৃত্ত ভরাট করার নমুনা




ভুল ভাবে বৃত্ত ভরাট করার নমুনা

